শিশুদের জন¨ বাইবেল

নিবেদন করছে

# অব্রাহামের প্রতি
# ঈশ্বরের প্রতিজ্ঞা



লেখক: Edward Hughes

চিত্রাংকন: Byron Unger; Lazarus
Alastair Paterson
অভিযোজন: M. Maillot; Tammy S.

অনুবাদক: Manab Biswas

প্রযোজনায়: শিশুদের জন¨ বাইবেল
www.M1914.org

©2021 Bible for Children, Inc
স্বত্তাধিকার: গল্পটির অনুলিপি বা প্রিন্ট ব¨বহার করা যাবে তবে বিক্রয় করা যাবেনা ।

জলপ্লাবনের অনেক পরে,
পৃথিবীর মানুষরা একটা
পরিকল্পনা করেছিল।



তারা বলল, “আমরা একটা শহর তৈরি করে তার মধ্যে গগনচুম্বী ইমারত তৈরি করব। আমাদের সবসময় একসাথে থাকা উচিত।” আর তারা সকলে একই ভাষায় কথা বলত।



ঈশ্বর চাইতেন যে, তার সৃষ্ট মানুষ যেন সর্বপ্রান্তে বাস করে। আর তাই তিনি এক বিশেষ ব্যবস্থা করলেন। হঠাৎ তাদের মধ্য দিয়ে এক গোষ্ঠী বিভিন্নভাবে কথা বলতে লাগল। ঈশ্বর তাদের এক নতুন ভাষা দিলেন।



যারা সেই একই ভাষায় কথা বলত, তারা একসাথে বেরিয়ে পড়ল। বোধহয় ভাষা বুঝতে না পারাতে, মানুষগুলো অন্যদের থেকে ভয় পেয়ে গিয়েছিল। ঠিক এইভাবে ঈশ্বর বিভিন্ন দেশে লোকদের বসতি করিয়েছিলেন। ছেড়ে চলে যাওয়া




শহরটিকে বলা হত বাবিল। যার মানে বিশৃঙ্খলা।

কিছু বছর পর, কলদীয়র ঊর নামক জায়গায়, ঈশ্বর অব্রাম নামক এক ব্যক্তির সাথে কথা বললেন। ঈশ্বর আদেশ দিলেন, “এই দেশ ছাড়, আমি যে দেশ দেখাই, সেই দেশে যাও।”



অব্রাম তা মান্য করলেন। ঈশ্বর তাকে কনান দেশে রওনা করালেন। তার স্ত্রী সারী আর ভাইপো লোট তার সঙ্গে রওনা হলেন।



কনানে অব্রাম আর লোট ধনী ব্যক্তি হয়ে উঠলেন। তাদের অনেক পশুপাল ছিল। এতগুলো পশুপাল চরানোর জন্য পর্যাপ্ত জমি ছিল না।



লোটের পশুপালকরা, অব্রামের পশুপালকদের সাথে ঝগড়া করল। অব্রাম বললেন, “আমাদের মধ্যে কোনও সমস্যা না থাকুক। আমরা আলাদা হব। লোট তুমি তোমার পছন্দমতো এই দেশের যে কোনও স্থান নিতে পার।”



আর লোট সেই শহর আর গ্রাম পছন্দ করল, যেখানে সবুজ ঘাস ও বাগানে ভরা ছিল। এটি দেখতে খুব সুন্দর ছিল, কিন্তু সেই শহরগুলো দুষ্টতায় ভরা ছিল।





লোটের চলে যাওয়ার পর, ঈশ্বর আবার অব্রামের সাথে কথা বললেন। “আমি এই কনান দেশ তোমাকে ও তোমার সন্তানদের দেব।” অব্রাম আর সারীর কোনও সন্তান ছিল না। ঈশ্বর কীভাবে তাঁর এই মহান প্রতিজ্ঞা রেখেছিলেন?



ঈশ্বর থেকে তিনজন মানুষ অব্রাম আর সারীর কাছে এল।



তারা বলল, “খুব শীঘ্র তুমি সন্তান প্রসব করবে।” সারা হাঁসল। সারী ঈশ্বরের বাণী বিশ্বাস করতে পারেনি। তিনি নব্বই বছর বয়স্কা ছিলেন। আর ঈশ্বর অব্রামকে বললেন, এখন থেকে তোমাকে অব্রাহাম বলা হবে, আর সারীকে সারা (রাজকুমারী) বলা হবে।

ঈশ্বর অব্রাহামকে এও বললেন যে,
তিনি দুই দুষ্ট শহর সদোম ও
ঘমোরাকে ধ্বংস করবেন।
অব্রাহামের ভাইপো লোট, তার
পরিবার নিয়ে সদমে বাস করত।



যখন সেটা ঘটল, তখন লোট
ঈশ্বরের সতর্কতায় বিশ্বাস করল।
কিন্তু তার জামাইরা সদম ছাড়তে
অস্বীকার করল। “কি মর্মান্তিক!”
তারা ঈশ্বরের বাক্যে
বিশ্বাস করল না।



একমাত্র লোট আর দুই কন্যা সুরক্ষার মধ্যে ছিল। ঐ দুই শহরের উপর গন্ধক ও অগ্নিবৃষ্টি পড়ল।



দুঃখজনকভাবে, লোটের স্ত্রী
ঈশ্বরের সতর্কতা অগ্রাহ্য করেছিল। দৌড়ে
পালানোর সময় সে পিছন ফিরে তাকাতে,
লবণ স্তম্ভতে পরিণত হয়।



ঈশ্বর তাঁর প্রতিজ্ঞা
অব্রাহাম আর সারার কাছে
রেখেছিলেন। তারা বয়স্ক
অবস্থায় সন্তান প্রসব
করেছিলেন, যেমনটি ঈশ্বর
তাদের বলেছিলেন।
ইসহাক যখন জন্মগ্রহণ
করে, তারা কতই
না আনন্দিত হয়েছিলেন।



বোধহয় অব্রাহাম
ঈশ্বরের প্রতিজ্ঞা স্মরণ
করেছিলেন যে, তাকে ও
তার সন্তানদের চিরদিনের
জন্য কনান দেশ দেবেন।
ঈশ্বর তাঁর প্রতিজ্ঞা রাখবেন,
ঈশ্বর সবসময় তার
প্রতিজ্ঞা রাখেন।



অব্রাহামের প্রতি ঈশ্বরের প্রতিজ্ঞা

# ঈশ্বরের বাক¨ থেকে বাইবেলের গল্প, বাইবেল,

# যেখানে পাওয়া যায়

আদিপুস্তক ১১-২১

“তোমার বাক¨ প্রকাশিত হলে তা আলো দান করে ।”
গীতসংহিতা ১১৯:১৩০

সমাপ্ত

বাইবেলের এই গল্প মহান ঈশ্বর সম্পর্কে আমাদের শিক্ষা দেয় যিনি আমাদের নির্মান করেছেন এবং তিনি চান যেন আপনি তাঁর সম্পর্কে জানেন ।

ঈশ্বর জানেন আমরা মন্দ কাজ করেছি, যাকে তিনি পাপ বলেন । পাপের শাস্তি হচ্ছে মৃতু¨, কিন্তু ঈশ্বর আমাদের এতই ভাল বাসলেন যে তিনি তাঁর একমাত্র পুত্র যীশুকে পাঠালেন যেন আমাদের পাপের শাস্তিস্বরূপ তিনি ক্রুশে মৃতু¨বরন করেন । এর পর যীশু মৃতু¨ থেকে জীবিত হলেন এবং স্বর্গে চলে গেলেন । যদি আপনি যীশুকে কিশ্বাস করেন এবং আপনার পাপের জন¨ তাঁর কাছে ক্ষমা চান, তাহলে তিনি ক্ষমা করবেন । তিনি আসবেন এবং আপনার অন্তরে বাস করবেন, এবং আপনিও তাঁর সংগে অনন্তকাল ধরে থাকবেন ।

আপনি যদি এই সত¨কে বিশ্বাস করেন, তাহলে ঈশ্বরের উদ্দেশে¨ এই কথাগুলো বলুন: প্রিয় যীশু, আমি বিশ্বাস করি যে তুমি আমার প্রভু, এবং আমার পাপের জন¨ তুমি মানুষ হয়ে জন্মেছিলে, আর এখন তুমি আবার জীবিত হয়ে উঠেছো । দয়াকরে আমার জীবনে এসো এবং আমার পাপ ক্ষমা করো, যাতে আমি নতুন জীবন পেতে পারি, এবং তোমার সংগে যেন অনন্তকাল ধরে থাকতে পারি । আমাকে সাহায¨ কর যেন তোমার সন্তান হিসাবে তোমার বাধ¨ থাকতে পারি এবং তোমার জন¨ বেঁচে থাকতে পারি । আমেন ।

বাইবেল পড়ুন এবং প্রতিদিন ঈশ্বরের সংগে কথা বলুন! যোহন ৩:১৬